

Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 08 May, 2025

অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা পরিষদ থেকে মাহফুজ আলম ও আসিফ মাহমুদ সজীব ভূঁইয়াকে সরে দাঁড়ানোর আহ্বান জানিয়েছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) যুগ্ম আহ্বায়ক তাজনুভা জাবীন।

বৃহস্পতিবার (৮ মে) দুপুরে নিজের ভেরিফায়েড ফেসবুক আইডিতে দেয়া এক পোস্টে এ আহ্বান জানান তিনি।

ফেসবুক পোস্টে তাজনুভা লিখেন, এনসিপির কেউ না, জুলাইয়ের আগের সাধারণ জনগণের কাতারের তাজনুভা হয়ে বলছি, মাহফুজ আর আসিফের সরকার থেকে সরে আসা উচিত। সরে এসে আবার রাজপথে জনগণের পাশে দাঁড়ানো উচিত।

আপনাদের আর ওখানে মানাচ্ছে না উল্লেখ করে এনসিপির এ নেত্রী আরও লিখেন, তারা যে সরকারের অংশ, সে সরকার আর অভ্যুত্থানপন্থী নাই। আপনাদের আর মানাচ্ছে না ওখানে। সরে এসে জনগণকে আশ্বস্ত করেন। জুলাইয়ের শহিদদের কাছে দায়বদ্ধ থাকেন।

তিনি আরও লিখেন, আমিই এত মর্মান্বহত, শহিদ, আহতদের কেমন লাগছে। তাদের চোখের সামনে আসামিরা দাপটের সঙ্গে মাথা উঁচু করে পালাচ্ছে।

পোস্টের শেষাংশে তাজনুভা জাবীন বলেন, আমার মনে হয়, আমাদেরকে আবার রাজপথে এক হতে হবে আওয়ামী লীগ প্রপক্ষে। কারণ, জুলাই শেষ হয় নাই, আদতে জুলাই এখনও চলছে।

প্রসঙ্গত, আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া রয়েছেন যুব ও ক্রীড়া এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের দায়িত্বে। অন্যদিকে মাহফুজ আলম তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের দায়িত্বে রয়েছেন।

অন্তর্বর্তী সরকার

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 08:34

URL: <https://www.timestodaybd.com/national/2143668375>